গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা বিভাগ
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/৫৮১৫(১৩০) তারিখ: ১৮ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: 'বিশ্ব পরিবেশ দিবস ২০২৫' উদ্‌যাপন সংক্রান্ত।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২.২৩.০০১.২২-১৯১, তারিখ: ০৪ জুন ২০২৫ খ্রি.
সূত্র: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের পত্র সংখ্যা- ২২,০০,০০০০,০৭৪,১৫.০০২.২৫-২১৪, তারিখ: ০১/০৬/২০২৫।

উপর্যুক্ত সুত্র ও পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, এ বছর বিশ্ব পরিবেশ দিবস ৫ই জুন পবিত্র ঈদুল-আজহার ছুটিতে থাকায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় আগামী ২৫ই জুন পালনের সিদ্ধান্ত গ্রহণ করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা আগামী ২৫ই জুন 'বিশ্ব পরিবেশ দিবস ২০২৫-এর অনুষ্ঠানমালার শুভ উদ্বোধন করবেন। দিবসটিকে কেন্দ্র করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নলিখিত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। গৃহীত কর্মসূচিগুলো পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ উদ্‌যাপন এ গৃহীত কর্মসূচিঃ-**

১. স্ব- স্ব শ্রেণিকক্ষ ও শিক্ষা প্রতিষ্ঠান আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করা।
২. সবুজ ক্যাম্পাস বিনির্মাণে বৃক্ষরোপন ও বৃক্ষ পরিচর্যা করা।
৩. পরিবেশ সুরক্ষা কার্যক্রমের অংশ হিসেবে পরিবেশবান্ধব সুন্দর বাংলাদেশ বিনির্মাণে শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা তৈরি করতে প্লাস্টিক ও পলিথিনের ব্যবহার কমিয়ে আনা এবং বিশ্ব পরিবেশ দিবসের গুরুত্বকে অর্থবহ করতে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা।
৪. একবার ব্যবহার যোগ্য প্লাস্টিকের ব্যবহার বন্ধ করে পরিবেশবান্ধব সামগ্রী/ উপকরণ ব্যবহারের বিষয়ে শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করণের জন্য সেমিনারের আয়োজন করা।
৫. পরিবেশ সু-রক্ষার মাধ্যমে একটি বাসযোগ্য বাংলাদেশ বিনির্মাণে শিক্ষার্থীদের করণীয়বিষয়ক বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা।

১৮/০৬/২০২৫
(মো: শহিদুল ইসলাম)
উপপরিচালক, শারীরিক শিক্ষা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

জেলা শিক্ষা অফিসার (সকল)

বিতরণ: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক (ক. ও প্র./মাধ্যমিক/প. ও উ./ প্রশিক্ষণ/মনি. এন্ড ইভা./ অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ খুলনা/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ময়মনসিংহ/ রংপুর অঞ্চল।
০৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/ রংপুর অঞ্চল।
০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)।
০৫। সিনিয়র সিস্টেম অ্যানালিস্ট, ই.এম.আই.এস.সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মাউশির ওয়েব সাইটে এ প্রকাশের অনুরোধসহ)।
০৬। সংরক্ষণ নথি।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। সংরক্ষণ নথি।